গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
চলচ্চিত্র-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নম্বর: ১৫.০০.০০০০.০২৭.৩৬.০০৫.১৮- ১৯২

তারিখঃ ৩১ জ্যৈষ্ঠ ১৪২৮
১৪ জুন ২০২১

বিষয়: স্থানীয় ছায়াছবিতে বিদেশী অভিনয় শিল্পী, সংগীতজ্ঞ, সংগীত শিল্পী ও বিজ্ঞাপনে বিদেশী শিল্পীর অংশগ্রহণ সংক্রান্ত নীতিমালা ওয়েবসাইটে প্রকাশ।

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক গত ১২ এপ্রিল ১৯৯৯ তারিখের তম/চলচ্চিত্র-১/৯৮/১২৬ নম্বর স্মারকে স্থানীয় ছায়াছবিতে বিদেশী অভিনয় শিল্পী, সংগীতজ্ঞ, সংগীত শিল্পী ও বিজ্ঞাপনে বিদেশী শিল্পীর অংশগ্রহন সংক্রান্ত নীতিমালা জারি করা হয়। পরবর্তীতে এ মন্ত্রণালয়ের ৩১ মে ২০২১ তারিখের ১৮১ নম্বর স্মারকে নীতিমালাটি পুনরায় সংশোধন করে জারি করা হয়। সংশোধিত নীতিমালায় কিছু বিষয় অস্পষ্টতা দেখা দেয়ায় পূর্বের জারিকৃত নীতিমালাটি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা আবশ্যক।

এমতাবস্থায়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক গত ১২ এপ্রিল ১৯৯৯ তারিখের তম/চলচ্চিত্র-১/৯৮/১২৬ নম্বর স্মারকে স্থানীয় ছায়াছবিতে বিদেশী অভিনয় শিল্পী, সংগীতজ্ঞ, সংগীত শিল্পী ও বিজ্ঞাপনে বিদেশী শিল্পীর অংশগ্রহণ সংক্রান্ত নীতিমালা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণিত নীতিমালা ০৫ (পাঁচ) পাতা।

১৪/৬/২০২১

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব
ফোন- ৯৫৪০৪৬৩
E-mail : sas.film@moi.gov.bd

সিস্টেম অ্যানালিস্ট (আইসিটি শাখা)
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

তম/চলচ্চিত্র -১/৯৮/১২৬/১(১২)১২-০৪-৯৯ তারিখে জারীকৃত নীতিমালার প্রতিস্থাপিত হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
চলচ্চিত্র শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-তম/চলচ্চিত্র -১/৯৮/১২৬ তারিখ ঃ ১২-০৪-৯৯

বিষয় ঃ স্থানীয় ছায়াছবিতে বিদেশী অভিনয় শিল্পী, সংগীতজ্ঞ, সংগীত শিল্পী ও বিজ্ঞাপনে বিদেশী শিল্পীর অংশগ্রহণ সংক্রান্ত নীতিমালা।

(১) প্রতি বৎসর সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক স্থানীয় ছবিতে বিদেশী অভিনেতা ও অভিনেত্রী অভিনয়ের সুযোগ পাবেন। জানুয়ারী হতে ডিসেম্বর পর্যন্ত বৎসর গণনা করা হবে।

(২) একজন বিদেশী অভিনেতা ও অভিনেত্রী যৌথ প্রযোজনায় ও স্থানীয় ছবিতে সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক ছবিতে অভিনয় করার অনুমতি পাবেন।

(৩) প্রতি বৎসর সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক স্থানীয় বিজ্ঞাপনে বিদেশী শিল্পী অংশগ্রহণ করতে পারবে। বিজ্ঞাপনের ক্ষেত্রে বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে এবং অন্যান্য ক্ষেত্রে চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন-এর মাধ্যমে তথ্য মন্ত্রণালয়ে আবেদন দাখিল করতে হবে। এ ধরণের বিদেশী মডেল অংশগ্রহণের মাধ্যমে তৈরী বিজ্ঞাপন চিত্র প্রচারের জন্য বিটিভি ৬০% সারচার্জ গ্রহণ করবে।

৪.ক) স্থানীয় একটি ছবিতে সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক বিদেশী অভিনেতা/অভিনেত্রী অভিনয়ের সুযোগ পাবেন।

৪.খ) একজন প্রযোজক ও পরিচালক সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক স্থানীয় ছবিতে বিদেশী অভিনেতা/অভিনেত্রী অন্তর্ভূক্ত করতে পারবেন।

৪.গ) একটি বিজ্ঞাপনী সংস্থা বছরে সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক বিজ্ঞাপনে বিদেশী শিল্পী নিয়োগ করতে পারবে।

(৫) বিনা পারিশ্রমিকে বিদেশী অভিনেতা-অভিনেত্রী ও বিজ্ঞাপনের শিল্পীদের অভিনয়ের জন্য চুক্তিবদ্ধ করা যাবে না। শিল্পীদের সাথে সম্পাদিত চুক্তিপত্রে পারিশ্রমিকের পরিমান ও পারিশ্রমিক পরিশোধের পদ্ধতি উল্লেখ থাকতে হবে।

(৬) বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন-এর নিকট চিত্রনাট্য পেশ করার সময় বিদেশী অভিনেতা/অভিনেত্রীর সাথে সম্পাদিত Notarized চুক্তিপত্রের কপি পেশ করতে হবে। প্রয়োজনীয় পর্যালোচনার পর চিত্রনাট্য অনুমোদনযোগ্য বলে প্রতীয়মান হলে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন বিদেশী শিল্পীদের অংশগ্রহণের অনুমতি প্রদানের জন্য মন্ত্রণালয়ে সুপারিশ প্রেরণ করবে।

(৭) অনুমোদনের জন্য সুপারিশকৃত বিদেশী অভিনেতা-অভিনেত্রীদের ও বিজ্ঞাপনের শিল্পীদের তথ্য মন্ত্রণালয় হতে "-Work Permit-" গ্রহণ করতে হবে। "Work Permit" ব্যতীত কোনরূপ ভিসা প্রদান করা হবে না।

(৮) প্রতি বৎসর সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক ছবিতে বিদেশী সংগীত পরিচালক অংশগ্রহণ করতে পারবেন।

চলমান পাতা-২

(৯) সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক স্থানীয় ছবিতে বিদেশী কণ্ঠশিল্পীর গাওয়া সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক গান ব্যবহার করা যাবে।

(১০) বিদেশী অভিনেতা/অভিনেত্রী/সংগীত পরিচালক/কণ্ঠশিল্পী/বিজ্ঞাপনের শিল্পী সরকার কর্তৃক অনুমোদিত সময় পর্যন্ত দেশে অবস্থান করবেন। সরকারী অনুমোদন ব্যতীত ভিন্ন কোন ছবির কাজে বা বেসরকারী কোন অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারবেন না। পূর্বানুমোদিত শিল্পীর অনিবার্য কারণবশতঃ পরিবর্তন প্রয়োজন হলে বিজ্ঞাপনের ক্ষেত্রে বাংলাদেশ টেলিভিশন-এর অন্যান্য ক্ষেত্রে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের সুপারিশক্রমে সরকারের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

(১১) বিদেশী অভিনেতা/অভিনেত্রীদের এদেশে আগমন, প্রাত্যহিক অবস্থান, প্রত্যাবর্তনের সিডিউল পূর্বাহ্নেই প্রযোজক লিখিতভাবে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন কর্তৃপক্ষকে জানাবেন। যে কোন পরিবর্তনেও যথাশীঘ্র লিখিতভাবে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন কর্তৃপক্ষকে জানাতে হবে। বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন তথ্য মন্ত্রণালয়কে এ বিষয়ে অবহিত করবে এবং মন্ত্রণালয় প্রয়োজনবোধে জাতীয় নিরাপত্তা সংশ্লিষ্ট সংস্থাসমূহকে অবগত করবে।

(১২) কোন শর্ত লঙ্ঘন করা হলে সরকার সংশ্লিষ্ট ছায়াছবি/বিজ্ঞাপন নির্মানের বিষয়ে যে সিদ্ধান্ত গ্রহণ করবে তা চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৩) এই নীতিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক স্থানীয় ছায়াছবিতে বিদেশী অভিনয় শিল্পী, সংগীতজ্ঞ, সংগীত শিল্পী ও বিজ্ঞাপনে বিদেশী শিল্পী অংশগ্রহণ করতে পারবেন। স্থানীয় ছায়াছবিতে কোন বিদেশী শিল্পী, সংগীতজ্ঞ, সংগীত শিল্পী ও বিজ্ঞাপনে বিদেশী শিল্পী অংশগ্রহণকালে তার কার্যক্রমে নিম্নলিখিত বিষয়সমূহ পরিলক্ষিত হলে মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত অনুমতি বাতিল করা হবে বলে গণ্য হবে ঃ-

<u>নিরাপত্তা বা আইন শৃংখলা ঃ</u>

(ক) বাংলাদেশ বা বাংলাদেশের জনগণ, ঐতিহ্য, সংস্কৃতি রীতি নীতি এবং পোশাক-আশাকের প্রতি যদি কোনভাবে ঘৃনার উদ্রেক করে।

(খ) বাংলাদেশের রাষ্ট্রীয় অখন্ডতা বা সংহতি নষ্ট হয় এমন মনোভাব ব্যক্ত করা হলে।

(গ) দেশের শৃংখলা এবং নিরাপত্তার স্বার্থে বিভিন্ন সময়ে সরকার কর্তৃক ঘোষিত যেকোন নির্দেশ লংঘন করা হলে।

(ঘ) রাজনৈতিক উদ্দেশ্যে কোন বিদ্রোহ, নৈরাজ্য এবং হিংসাত্মক ঘটনার প্রদর্শন।

(ঙ) রাষ্ট্রীয় নিরাপত্তার ক্ষতি করতে পারে এমন সামরিক বা অন্যান্য সরকারী গোপনীয় কিছু প্রকাশ করে দেয়া।

(চ) আইন শৃংখলা ভংগ করে এবং আইন অমান্য করার পক্ষে সহানুভূতি সৃষ্টি করে এমন কিছু প্রদর্শিত হলে।

(ছ) প্রতিরক্ষা বাহিনী, পুলিশ বা অন্য কোন বাহিনীর যারা দেশের আইন শৃংখলা রক্ষার কাজে নিয়োজিত তাদের উপহাস করা হলে অথবা তাদের প্রতি ঘৃনার উদ্রেক করে এমন কিছু করা হলে। এসব বাহিনীর লোকেদের নিয়ে যদি কোন চরিত্র চিত্রায়ন করা হয় যা কোন খারাপ জিনিসের দূষণমুক্ত করার উদ্দেশ্যে নিবেদিত তা অনুমোদনযোগ্য বলে বিবেচিত হবে।

চলমান পাতা-৩

(ঞ) প্রতিরক্ষা বাহিনী বা পুলিশ বাহিনীর লোকদের কুৎসিত পোষাকে প্রদর্শন করা হলে।

(ঝ) দুর্বল ও অসম্পূর্ণ গল্পের মাধ্যমে যদি আইন শৃংখলার অভাব,হিংসাত্মক কার্যকলাপ অপরাধ বা গোয়েন্দা তৎপরতা প্রদর্শন করা হয় এবং যা গড়পড়তা দর্শককে প্রভাবিত করার সম্ভাবনা থাকে।

আন্তর্জাতিক সম্পর্ক ঃ

(ক) কোন বিদেশী রাষ্ট্র যার সাথে বাংলাদেশের কোন বিষয়ে বিরোধ বিদ্যমান সেই রাষ্ট্রের পক্ষে কোন প্রচারণা করা যা ঐ বিরোধের বিষয়ের উপর প্রভাব ফেলতে পারে। অথবা কোন বন্ধু দেশের বিরুদ্ধে কিছু প্রচার করা যা বাংলাদেশ ও সে দেশের সুসম্পর্ক নষ্ট করতে পারে।

(খ) রাষ্ট্রনীতি লংঘন করলে অর্থাৎ এমন কিছু দেখান হলে যা অন্যান্য দেশের সাথে আমাদের দেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক নষ্ট করতে পারে অথবা বহিঃবিশ্বের সংবেদনশীল মনোভাব ক্ষুন্ন করতে পারে।

(গ) কোন জনগোষ্ঠী বা জাতির ইতিহাসকে বিকৃত করে বা ইতিহাসকে সম্মানহানি করে এমন কিছু ঘটনা বা প্রসংগে বিদ্বেষপরায়ন মনোভাব নিয়ে প্রকাশ করা।

(ঘ) স্বাধীনতার চেতনা ও মুক্তিযুদ্ধের মূল্যবোধ ঐতিহাসিক ঘটনার বিকৃত প্রকাশের মাধ্যমে বাংলাদেশ, দেশের আদর্শ ও জাতীয় বীর পুরুষদের প্রতি অসম্মান প্রদর্শন করা।

ধর্মের সংবেদনশীলতা ঃ

(ক) কোন ধর্মকে উপহাস, অসম্মান বা আক্রান্ত করা।

(খ) ধর্মীয় সম্প্রদায়, বর্ণ বা বিভিন্ন ধর্ম মতের মানুষের মধ্যে বিদ্বেষের সৃষ্টি করা এবং বিবাদ বাধানোর প্ররোচনা দেয়া।

(গ) বিতর্কিত সামাজিক বিষয়কে সমালোচনা বা সমর্থন করার জন্য ধর্মকে ব্যবহার করা।

(ঘ) ধর্মমত প্রচারের কার্যকলাপকে উপহাস বা ব্যাখ্যা করা যা সে ধর্মের বিশ্বাসীদের অনুভূতিকে আহত করতে পারে।

নৈতিকতাহীনতা বা অশ্লীলতা ঃ

(ক) নৈতিকতা বিবর্জিত ক্রিয়াকলাপকে ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখা এবং গুরুত্ব কম দেয়া।

(খ) নৈতিকতা বিবর্জিত জীবনকে অতিমাত্রায় গুরুত্ব আরোপ করা , আকর্ষণীয় ও সম্মানজনক করে দেখানো।

(গ) নষ্ট ও নৈতিকতাহীন চরিত্রকে প্রশংসা করা এবং সহানুভূতির চোখে দেখা।

চলমান পাতা-৪

(ঘ) জঘন্য পথে অর্জিত কোন কিছুর সাফল্য সহজভাবে গ্রহণ করা এবং সমর্থন করা।

(ঙ) প্রকৃত অর্থে দৈহিক মিলন, ধর্ষণ বা গভীর ভালবাসার দৃশ্য যা অশ্লীলতা দুষ্ট বলে মনে হবে তা প্রকাশ করা।

(চ) নোংরা ও অশ্লীল ব্যাখ্যা করা যেতে পারে এমন শব্দ, উক্তি, সংলাপ, গান বা বক্তব্য তুলে ধরা।

(ছ) জাতীয় প্রতিষ্ঠান, ঐতিহ্য রীতিনীতি এবং সংস্কৃতি যে কোন দিকের অশোভন প্রকাশ।

বর্বরতা ঃ

(ক) জীবজন্তুর প্রতি নির্দয়তা ঢালাওভাবে প্রকাশ করা।

(খ) অতিমাত্রায় ভয়ভীতি, নির্যাতন বা নিষ্ঠুরতা প্রকাশ করা যা দর্শকদের মনের উপর খারাপ প্রতিক্রিয়ার সৃষ্টি করতে পারে।

(গ) কোন চরম প্রকৃতির পথে কোন কিছু সমাধান দেখানো, যদি না তা সমাজের কল্যাণের জন্য করা হয়।

(ঘ) সতর্কতা অবলম্বনের লক্ষ্যে সরকারের পূর্বানুমতি ব্যতীত শিশু-কিশোর, বৃদ্ধ বা অসুস্থ নর-নারীর স্নায়ুর ওপর ক্ষতিকারক চাপ সৃষ্টি করার মত দৃশ্যে অংশগ্রহণ করে।

অপরাধ ঃ

(ক) অপরাধমূলক কাজকে ক্ষমা করা।

(খ) অপরাধীর অপরাধ করার কৌশল ও কার্যপ্রণালী এমনভাবে "দেখানো" যা নতুন অপরাধের কৌশল সৃষ্টিতে সহায়ক হবে।

(গ) অপরাধীকে সম্মানজনক চরিত্র হিসেবে প্রতিষ্ঠিত করা এবং দর্শকদের থেকে সহানুভূতি আদায় করা।

(ঘ) অপরাধ দমন, অপরাধীর শাস্তি অথবা তাদের বিচার করার দায়িত্বে নিয়োজিত সরকারী কর্মকর্তাকে বিদ্বেষপূর্ণভাবে উপহাস করা বা মর্যাদাহানি ঘটানো।

(ঙ) অপরাধমূলক কার্যকালপকে লাভজনক করে দেখানো অথবা সাধারণ জীবন প্রবাহের নিত্য নৈমিত্তিক সহজ ব্যাপার হিসেবে প্রদর্শন।

(চ) যুব সম্প্রদায় এবং তরুণদের কাছে অপরাধকে সাধারণ জীবনের সহজ ঘটনা হিসেবে পরিচিত করানো এবং এমন করে দেখানো যেনো এমন অপরাধকে পরিত্যাগ করার প্রয়োজন সমাজে নেই।

(ছ) নারী ও শিশু পাচার, নেশা, মদ, ঔষধ এর যে কোন ধরনের চোরাকারবারের পক্ষে সমর্থন দেয়া।

চলমান পাতা-৫

নকল গান ও সুর ঃ

অপরিহার্যতা ব্যতীত কোন পুরানো বা নির্মানাধীন বিদেশী অথবা বাংলাদেশী গান ও সুর থেকে যে কান ধরনের নকল করা।

(১৩) স্থানীয় ছায়াছবিতে বিদেশী অভিনয় শিল্পী, সংগীতজ্ঞ, সংগীত শিল্পী ও বিজ্ঞাপনের শিল্পী সংক্রান্ত বিষয়ে কোন জটিলতা দেখা দিলে মন্ত্রণালয় সিদ্ধান্ত প্রদান করবে এবং নীতিমালায় প্রয়োজনবোধে কোনরূপ পরিবর্তন, পরিমার্জন, সংযোজন ইত্যাদি মন্ত্রণালয় করতে পারবে।

(১৪) এই নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

( এম আকমল হোসেইন )
সচিব

নং - তম/চলচ্চিত্র-১/৯৮/১২৬/১(১২) তারিখ ঃ ১২-০৪-৯৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, তেজগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, শাহবাগ, ঢাকা।
৩। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা। উপরোক্ত বিজ্ঞপ্তিটি সংবাদপত্রের মাধ্যমে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
৪। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। উপরোক্ত বিজ্ঞপ্তিটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৫। ভাইস-চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা।
৬। সভাপতি, বাংলাদেশ চলচ্চিত্র প্রযোজক-পরিবেশক সমিতি, ৪৭, কাকরাইল, ঢাকা।
৭। সভাপতি, বাংলাদেশ চলচ্চিত্র পরিচালক সমিতি, এফডিসি, তেজগাঁও, ঢাকা।
৮। সভাপতি, বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী সমিতি, এফডিসি, তেজগাঁও, ঢাকা।
৯। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
১১। যুগ্ম-সচিব (উন্নয়ন ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
১২। উপ-সচিব (জাসক-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
১৩। বাংলাদেশ এ্যাডভাটাইজিং এজেন্সী এসোসিয়েশন, বাড়ী নং-৭১৯, সাত মসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৯।

( মোঃ সাইফুজ্জামান খোন্দকার )
সিনিয়র সহকারী সচিব (চলচ্চিত্র)